

অত্যাচার বেড়েছে, স্বীকার মন্ত্রীর

নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি: মোদি জমানায় মহিলাদের উপর অত্যাচারের ঘটনা বেড়েছে। গত এক বছরে এই বৃদ্ধির হার ১৫.৩ শতাংশ। না, এটা বিরোধীদের অভিযোগ নয়। বলছে, খোদ মোদি সরকারই। মণিপুরে মহিলাদের বিবস্ত্র করে প্রকাশ্য রাস্তায় ঘোরানোর মতো অসম্মানজনক ঘটনার আবহে যা অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

গত পাঁচ বছরে মহিলাদের উপর অত্যাচারের ঘটনা বেড়েছে নাকি কমেছে? মোদি সরকারের কাছে লিখিতভাবে এর উত্তর জানতে চেয়েছিলেন তৃণমূল এমপি জহর সরকার। জবাবে স্বরাষ্ট্র মন্ত্রকের রাষ্ট্রমন্ত্রী অজয় কুমার মিশ্র জানিয়েছেন, মহিলাদের উপর অত্যাচারের ঘটনা

বেড়েছে। ২০১৭ সালে প্রতি লক্ষে গড়ে ৫৭ জন মহিলা অত্যাচারিত হতেন। সরকারি রিপোর্ট বলছে, ২০২১ সালে তা বেড়ে হয়েছে ৬৪।



যদিও মহিলাদের ওপর অত্যাচারের ঘটনা কমাতে সরকার উদ্যোগী বলেই জানিয়েছেন মন্ত্রী। স্মার্ট পুলিশিং ব্যবস্থায় প্রাথমিক পর্যায়ে কলকাতা,

দিল্লি, লখনউ, আমেদাবাদ সহ আটটি শহরকে চিহ্নিত করা হয়েছে। এছাড়া মহিলাদের ওপর অত্যাচারের ঘটনার বিচার দ্রুত গতিতে করার জন্য সরকার আইনও এনেছে বলেও উল্লেখ করেছেন মন্ত্রী। সরকারের এই জবাব হাতে পেয়ে সংসদের বাইরে জহর সরকার বলেন, ‘মহিলাদের নিরাপত্তা নিয়ে মোদি সরকার যদি এতই চিন্তিত হয়, তাহলে মণিপুরের ঘটনার পরেও মোদি কেন চুপ?’ জানা গিয়েছে, সংসদে এ ব্যাপারে লাগাতার চাপ তৈরি করবে ‘ইন্ডিয়া’ জোটের এমপিরা। কংগ্রেস রাজ্যসভায় ছুঁপ জারি করেছে। বিরোধী দলের প্রত্যেক এমপিই আজ কালো পোশাক পরে প্রতিবাদ জানাবেন। ছবি: পিটিআই